

**মঞ্জুরি নং-৩২**  
**৩৫-ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**  
**মধ্যমেয়াদি ব্যয়**

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১৮-১৯	প্রক্ষেপণ	
		২০১৯-২০	২০২০-২১
অনুন্নয়ন			
উন্নয়ন			
<b>মোট</b>			
রাজস্ব			
মূলধন			
<b>মোট</b>			

**১.০ মিশনস্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি**

**১.১ মিশনস্টেটমেন্ট**

ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতা বিকাশের মাধ্যমে উদার ও সাম্প্রদায়িক সম্প্রীতির সার্বজনীন সমাজ প্রতিষ্ঠা।

**১.২ প্রধান কার্যাবলি**

- ১.২.১. ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সংক্রান্ত গবেষণা ও তত্ত্বাবধান, উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা ও অনুদান প্রদান এবং অর্থ সংস্থানের উদ্যোগ গ্রহণ;
- ১.২.২. হজ্জনীতি, হজ্জ প্যাকেজ ঘোষণা, দ্বি-পাক্ষিক হজ্জ চুক্তি সম্পাদন ও হজ্জযাত্রীদের আবাসন ব্যবস্থাপনাসহ হজ্জ ও ওমরাহ্ গমন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং তীর্থ ভ্রমণ, বিদেশে গমনকারী এবং বিদেশ থেকে আগত ধর্মীয় প্রতিনিধিদল সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;
- ১.২.৩. ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তির রক্ষণাবেক্ষণ এবং পরিচালনায় সহায়তা প্রদান
- ১.২.৪. ধর্মীয় ক্ষেত্রে বিভিন্ন গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে উন্নয়ন সাধন এবং পৃষ্ঠপোষকতা প্রদানসহ দাতব্য প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান;
- ১.২.৫. ধর্ম এবং ধর্মীয় বিষয় সংশ্লিষ্ট আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সংলাপের আয়োজন এবং অংশগ্রহণ, বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহের সাথে যোগাযোগ, সম্পর্ক স্থাপন, সম্পর্কের উন্নয়ন, চুক্তি ও দলিল সম্পাদন, সমঝোতা এবং কনভেনশন সংক্রান্ত কার্যক্রম;
- ১.২.৬. ধর্মীয় ও শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সামাজিক উন্নয়ন, গবেষণা পরিচালনা, দুর্নীতি ও সন্ত্রাসবাদ প্রতিরোধ, ধর্মীয় মূল্যবোধ, নৈতিকতা, ভ্রাতৃত্ববোধ ও সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণ;
- ১.২.৭. বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও ধর্মীয় সংগঠনের সংস্কার, অনুদান প্রদান, চাঁদ দেখাসহ বিভিন্ন ধর্মীয় উপলক্ষ এবং উৎসব উদ্‌যাপন সংক্রান্ত কার্যক্রম;
- ১.২.৮. দুঃস্থ পুনর্বাসনের জন্য আর্থিক সহায়তা প্রদান।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য এবং কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. ধর্মীয় ও নৈতিকতাবোধ সম্পন্ন সমাজবিনির্মাণ	<ul style="list-style-type: none"> <li>ডিজিটাইজেশনের মাধ্যমে কোরআন প্রচার-প্রকাশ</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ইসলামিক ফাউন্ডেশন</li> <li>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> <li>বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ইসলামিক ফাউন্ডেশন</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>শিক্ষক ও সংশ্লিষ্টদের মৌলিক প্রশিক্ষণ প্রদান</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ইসলামিক ফাউন্ডেশন</li> <li>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>বয়স্কদের সাক্ষর জ্ঞান সহ ধর্মীয় শিক্ষা প্রদান</li> </ul>	
	<ul style="list-style-type: none"> <li>জীবনব্যাপী শিক্ষা (লাইব্রেরি) কর্মসূচি পরিচালনা</li> </ul>	
	<ul style="list-style-type: none"> <li>বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ইসলামিক ফাউন্ডেশন</li> <li>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>ধর্মীয় ব্যক্তিকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>আন্তঃধর্মীয় সংলাপ, ওয়ার্কশপ, সেমিনার ও আলোচনা সভা আয়োজন</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ইসলামিক ফাউন্ডেশন</li> <li>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> </ul>
২. হজ্জ ব্যবস্থাপনার উন্নয়ন	<ul style="list-style-type: none"> <li>হজ্জ ও ওমরা ব্যবস্থাপনার উন্নয়ন এবং চিকিৎসক দল সহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>হজ্জ অফিস (ঢাকা এবং মক্কা)</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>হজ্জ ও ওমরা এজেন্সিকে লাইসেন্স প্রদান ও নবায়ন</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>হজ্জ গাইডদের প্রশিক্ষণ</li> </ul>	
৩. ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার অবকাঠামো উন্নয়ন এবং ব্যবস্থাপনার মানোন্নয়ন	<ul style="list-style-type: none"> <li>ওয়াকফ এস্টেট এবং দেবোত্তর সম্পত্তি চিহ্নিতকরণ, তালিকাভুক্তকরণ, রক্ষণাবেক্ষণ ও ডাটাবেইজ প্রস্তুতকরণ</li> <li>ওয়াকফ এস্টেটসমূহের কার্যক্রম অডিটকরণ</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ ওয়াকফ প্রশাসন</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম ডিজিটাইজডকরণ</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ইসলামিক ফাউন্ডেশন</li> </ul>
৪. ধর্মীয় প্রতিষ্ঠান ও দুঃস্থ ব্যক্তিদের আর্থ-	<ul style="list-style-type: none"> <li>ধর্মীয় প্রতিষ্ঠানসমূহ ও দুঃস্থ ব্যক্তিগণকে অনুদান প্রদান</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>ইসলামিক ফাউন্ডেশন</li> </ul>

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
সামাজিক অবস্থার উন্নয়ন		<ul style="list-style-type: none"> <li>বাংলাদেশ ওয়াকফ প্রশাসন</li> <li>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> <li>বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> <li>খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্মনির্ভরশীলতায় অনুদান প্রদান</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সচিবালয়</li> <li>হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>দুর্গা পূজা ও ধর্মীয় উৎসবে আর্থিক সহায়তা প্রদান</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> <li>খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>যাকাত সংগ্রহ এবং দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্মনির্ভরশীলতায় অনুদান প্রদান</li> <li>ধর্মীয় ব্যক্তিদের (ইমাম ও মুয়াজ্জিন) আত্মনির্ভরশীলতায় অনুদান ও ঋণ প্রদান</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>ইসলামিক ফাউন্ডেশন</li> </ul>
	<ul style="list-style-type: none"> <li>প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান</li> </ul>	

### ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

#### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

##### ৩.১.১ ধর্মীয় ও নৈতিকতা বোধ সম্পন্ন সমাজবিনির্মাণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের জন্য প্রায় ৫৭৩১০ জন শিক্ষক নিয়োগের মাধ্যমে প্রায় ১৮ লক্ষ ২৭ হাজার ৯৫০ জন শিশু (ছেলে ও মেয়ে) ও বয়স্ক ব্যক্তি উন্নতমানের শিক্ষার সুযোগ পাবে, যা ভবিষ্যতে দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র চালুর ফলে মেয়েশিশুদের অংশগ্রহণ অধিকতর বৃদ্ধি পাবে। সামাজিক নিরাপত্তা বিষয়ে তাঁদের সচেতনতা এবং সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ বৃদ্ধির ফলে নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। সাক্ষরতা-উত্তর ও অব্যাহত শিক্ষা কোর্সে নারীদের অগ্রাধিকার প্রদান করে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা হবে, যা সামগ্রিকভাবে নারী উন্নয়নে প্রত্যক্ষ প্রভাব ফেলবে।

##### ৩.১.২ দক্ষ হজ্জ ব্যবস্থাপনা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে হজ্জ ব্যবস্থাপনা ও আই.টি. সার্ভিসের উন্নয়নের ফলে জনগোষ্ঠীর সাময়িকভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এর ফলে দেশের যোগ্যতাসম্পন্ন দরিদ্রদের কর্মের সুযোগ বৃদ্ধি পাবে।

##### নারী উন্নয়নের উপর

প্রভাব: মহিলা হজ্জ যাত্রীর সংখ্যা ক্রমাগত বৃদ্ধির ফলে তাদের সেবানিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার মাধ্যমে মহিলা সদস্যদের অন্তর্ভুক্ত করা যাবে। নারী উন্নয়নে প্রত্যক্ষ প্রভাব পড়বে।

##### ৩.১.৩ ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার অবকাঠামো উন্নয়ন এবং ব্যবস্থাপনার মানোন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: রক্ষণাবেক্ষণের ফলে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে। সরকারিভাবে ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের সংস্কার ও মেরামতের জন্য আর্থিক অনুদান প্রদানের ফলে এলাকার জনগণের

ধর্মীয় আচার অনুষ্ঠান পালনের সুযোগ বৃদ্ধি সহ ধর্মীয় প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কারের জন্য স্থানীয় জনগণের উপর আর্থিক সহায়তার চাপ কমবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** যাক্‌ফএস্টেট ব্যবস্থাপনার উন্নয়ন কার্যক্রমের ফলে সীমিত আকারে নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, তাদের আয় বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে। ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের উন্নয়নের ফলে নারীরাও পরোক্ষভাবে উপকৃত হবে।

### ৩.১.৪ ধর্মীয় ব্যক্তি-প্রতিষ্ঠান ও দুঃস্থ ব্যক্তিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** ফান্ডের সংগৃহীত অর্থ ও অনুদান চরম দরিদ্র এবং দুঃস্থ ব্যক্তিদেরকে আর্থিক সহায়তা হিসেবে প্রদান করে তাদেরকে আত্ম-নির্ভরশীল ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করা হবে। ফলে স্ব-কর্মসংস্থানের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর স্থায়ীভাবে দারিদ্র্য নিরসন হবে এতে দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠা সম্ভব হবে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দুঃস্থ ব্যক্তিদের আত্মনির্ভরশীলতার লক্ষ্যে প্রদত্ত অনুদান ও যাকাতের অর্থ চরম দরিদ্র ও দুঃস্থ মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করতে সরাসরি ভূমিকা রাখবে। আয় বৃদ্ধির ফলে পারিবারিক ও সামাজিক ক্ষেত্রে নারীর মর্যাদা বৃদ্ধি পাবে।

### ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১৮-১৯	প্রক্ষেপণ	
		২০১৯-২০	২০২০-২১
দারিদ্র্য নিরসন			
নারী উন্নয়ন			

### ৪.১ অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ/Priority Spending Areas/Programmes)

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ/	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
<p><b>১. শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান</b></p> <p>প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের মাধ্যমে শিশুদের উপযুক্ত করে গড়ে তুলে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার উপযোগী করার জন্য এ কার্যক্রম খুবই যুগোপযোগী। এ বিবেচনায় এ খাতকে মন্ত্রণালয়ের সর্বোচ্চ অগ্রাধিকার সম্পন্ন খাত হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> <li>ধর্মীয় ও নৈতিকতা বোধসম্পন্ন সমাজ বিনির্মাণ</li> </ul>
<p><b>২. ধর্মীয় ব্যক্তিকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান</b></p> <p>ধর্মীয় ব্যক্তিদেরকে আয়বর্ধক ও উৎপাদনশীল প্রশিক্ষণ প্রদানের ফলে আর্থ-সামাজিক কর্মকাণ্ডে তাঁদের সম্পৃক্ততা বাড়বে। প্রশিক্ষণপ্রাপ্ত ধর্মীয় ব্যক্তি বৃন্দ জঙ্গি ও সন্ত্রাসবিরোধী কার্যক্রমসহ আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবেন। এ বিবেচনায় এ খাতকে মন্ত্রণালয়ের অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> <li>ধর্মীয় ও নৈতিকতা বোধসম্পন্ন সমাজ বিনির্মাণ</li> </ul>
<p><b>৩. হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপন উন্নয়ন এবং চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ</b></p> <p>অনলাইনে হজ্জযাত্রীদের প্রাক-নিবন্ধন, নিবন্ধন এবং ভিসা লজমেন্টের মাধ্যমে হজ্জযাত্রীদের সেবা প্রদানসহ সুষ্ঠুভাবে হজ্জ সম্পাদন নিশ্চিত করা হবে। হজ্জকালীন সময়ে হজ্জ গাইড, এজেন্সি প্রতিনিধি ও হজ্জযাত্রীদের প্রশিক্ষণ প্রদান এবং জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি অনুযায়ী চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ করে হজ্জ কার্যক্রমে গতিশীলতা আনতে এখাতকে গুরুত্ব দেয়া হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> <li>হজ্জ ব্যবস্থাপনার উন্নয়ন</li> </ul>
<p><b>৪. গবেষণা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা</b></p> <p>জনগণের নৈতিকতা ও মূল্যবোধের উন্নয়নে ধর্মীয় পুস্তকাদির প্রকাশনা এবং গবেষণার</p>	<ul style="list-style-type: none"> <li>ধর্মীয় ও নৈতিকতা বোধসম্পন্ন সমাজ বিনির্মাণ</li> </ul>

অগ্রাধিকার ব্যয় খাতকর্মসূচিসমূহ/	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
সুযোগ সৃষ্টি করার জন্য এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে	
<p><b>৫. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহ এবং দুঃস্থ ব্যক্তিগণকে আত্মনির্ভরশীলতায় অনুদান প্রদান</b></p> <p>অনুদান প্রদানের মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত ও সংস্কারপূর্বক অবকাঠামোর মানোন্নয়ন করা হ বে। এছাড়া, দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিগণকে তথ্যপ্রযুক্তি, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তিতে রূপান্তর করে শ্রম বাজারে তাদের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণের প্রয়োজন রয়েছে। বিধায় উক্ত কার্যক্রমে গতিশীলতা আনতে এ খাতকে গুরুত্ব দেয়া হয়েছে।</p>	<ul style="list-style-type: none"> <li>• ধর্মীয় ব্যক্তি-প্রতিষ্ঠান ও দুঃস্থ ব্যক্তিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন</li> </ul>
<p><b>৬. দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের চিকিৎসা সেবা প্রদান</b></p> <p>দেশের প্রত্যন্ত অঞ্চলে রদরিদ্র ও দুঃস্থ ব্যক্তিগণকে চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা হবে। এ বিবেচনায় এ খাতকে গুরুত্ব দেয়া হবে।</p>	<ul style="list-style-type: none"> <li>• ধর্মীয় ব্যক্তি-প্রতিষ্ঠান ও দুঃস্থ ব্যক্তিদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন</li> </ul>

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০১৮-১৯ হতে ২০২০-২১)

### ৪.২.১ দপ্তর/সংস্থ/অপারেশন ইউনিট ওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট ২০১৮-১৯	প্রক্ষেপণ	
				২০১৯-২০	২০২০-২১

### ৪.২.২ অর্থনৈতিক গুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

অর্থনৈতিক গুপ কোড	বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট ২০১৮-১৯	প্রক্ষেপণ	
					২০১৯-২০	২০২০-২১

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা		সংশোধিত লক্ষ্যমাত্রা		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১. *প্রাক প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার কভারেজ	১	শতাংশ	১১.৭৮		১২.০০		১২.০০	১২.১০	
২. **প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ধর্মীয় ব্যক্তিদের আর্থ-সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্তকরণ	১	শতাংশ	২.৮০		৩.০০		৩.০০	৩.১০	
৩. ধর্মীয় প্রতিষ্ঠানের সংস্কার	৩	সংখ্যা (হাজারজন)	৮.৩০		৮.৫০		৮.৭০	৯.০০	
৪. হজ্ব ও মরাত্ পালনকারীদের সেবা প্রদান	২	সংখ্যা (হাজারজন)	১১৭		১১৮		১২০	১২২	

\* ৩-৬ বছরের শিশুর সংখ্যা ১,২৭,২৯,৪৯৯ জন।

\*\* দেশে মোট ধর্মীয় ব্যক্তি হই মাম এর সংখ্যা ২.৫০ লক্ষ জন জরিপ অনুযায়ী।

## ৬.০ অধিদপ্তর/সংস্থ/সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল প্রাক্কলন

## নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয়

### ৬.১ সচিবালয়

**৬.১.১ সাম্প্রতিক অর্জন:** হজ্জ ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে জাতীয় হজ্জ ও ওমরাহ নীতি ২০১৭ খ্রি :/১৪৩৮ হিজরী প্রণয়ন এবং হজ্জব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারসহ অনলাইনে হজ্জযাত্রীর প্রাক-নিবন্ধন ও নিবন্ধন কার্যক্রম শুরু করা হয়েছে। সারা দেশের প্রায় ২৩,৫২৬টি মসজিদ, মন্দির, মঠ, আশ্রম, প্যাগোডা ও বৌদ্ধ মন্দির, কবরস্থান, ঈদগাহ, শ্মশান এবং সিমেন্ট্রি ইত্যাদি সংস্কার ও মেরামতের লক্ষ্যে বিগত ৩ বছরে প্রায় ৪৭.৪৮ কোটি টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া, ৫,১১৮ জন দুঃস্থের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

**৬.১.২ কার্যক্রমসমূহ , ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা**

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. ডিজিটাইজেশনের মাধ্যমে কোরআন প্রচার-প্রকাশ	সুবিধাজোগী পাঠক (ওয়েবসাইটে ডিজিটালের সংখ্যা হিসেবে)	১	হাজার জন	৯৫০		১০০০		১০৫০	১০৫০	
২. হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ।	হজ্জ সম্পাদন প্রতিনিধির সংখ্যা	২	হাজার জন জন	১১৭ ৩৫০		১১৮ ৩৫০		১২০ ৩৬০	১২২ ৩৭০	
৩. হজ্জ ও ওমরাহ এজেন্সিকে লাইসেন্স প্রদান ও নবায়ন	ইস/নবায়নকৃত লাইসেন্স	২	সংখ্যা	১২০০		১২৫০		১৩০০	১৩৫০	
৪. হজ্জ গাইডদের প্রশিক্ষণ	প্রশিক্ষণপ্রাপ্ত গাইড	২	সংখ্যা	১১৭		১২৫		১৫০	১৭৫	
৫. হজ্জ বিষয়ক প্রশিক্ষণ	প্রশিক্ষণপ্রাপ্ত এজেন্সী, প্রতিনিধি ও হজ্জযাত্রী	২	সংখ্যা	৩০০০		৩৮০০		৩৮০০	৪০০০	
৬. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান	অনুদান প্রাপ্ত ধর্মীয় প্রতিষ্ঠান	৪	সংখ্যা (হাজার)	৮.৫০		৯.০০		৯.৫	১০.০০	

**৬.১.৩ অপারেশন ইউনিট , কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন**

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০১৬-১৭	বাজেট		মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০১৭-১৮	সংশোধিত বাজেট	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১
১	২	৩	৪	৫	৬	৭	৮

**৬.২ ইসলামিক ফাউন্ডেশন**

**৬.২.১ সাম্প্রতিক অর্জন:** বিগত ৩ বছরে ২৩ লক্ষ ৪৩ হাজার শিশুকে প্রাক-প্রাথমিক এবং ২০ লক্ষ ১৮ হাজার জন শিশুকে নৈতিক ও কুরআন শিক্ষা প্রদান করা হয়েছে। ১৬৫৬৭ জন ধর্মীয় ব্যক্তিকে আর্থ-সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, ১০৩৬ জন কর্মকর্তা-কর্মচারি ও ধর্মীয় ব্যক্তিকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জনগণের নৈতিক মূল্যবোধ উন্নয়নে ৪৭৪ টি গবেষণামূলক ও ইসলামিক পুস্তক প্রকাশ করা হয়েছে। দারিদ্র্য বিমোচনে ২৯৪০ জন ইমাম-মুয়াজ্জিনকে সুদমুক্ত ঋণ ও ৩৪৩০ জনকে আর্থিক সাহায্য প্রদান এবং যাকাত ফান্ড হতে ৬০৪৮ জন পুরুষ ও ৫৮৯১ জন মহিলাকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। ৩৪১৬ জন মহিলাকে সেলাই প্রশিক্ষণ প্রদানপূর্বক ৫৭৬ টি সেলাই মেশিন বিতরণ করে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, ৩০৯ টি মাদক ও যৌতুকবিহীন বিবাহ সম্পর্কিত সেমিনার সহ পবিত্র ঈদ-এ-মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে ৭১৩ টি অনুষ্ঠান, ৩২১৬ টি কোরআনের তাফসির মাহফিল এবং শিক্ষামূলক ১২৫৪৩ টি কর্মসূচি-প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এছাড়া, দেশের প্রত্যন্ত অঞ্চলে ৩০ লক্ষ ৪৯ হাজার জন দরিদ্র পুরুষ ও মহিলাকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।



### ৬.৩ হজ্জ অফিসসমূহ (ঢাকা এবং মক্কা)

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** বিগত তিন বছরে ৩লক্ষ ০৬হাজার হজ্জযাত্রী এবং ৪৫ হাজার ব্যক্তিকে ওমরাহ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সার্বিক সেবা প্রদান করা হয়েছে। হজ্জ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করার লক্ষ্যে [www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েবসাইট এর মাধ্যমে হজ্জের যাবতীয় কার্যাবলি অত্যন্ত দ্রুত এবং সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। এ পদ্ধতিতে সৌদি দূতাবাস ও সৌদি হজ্জ মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক সকল হজ্জযাত্রীর তথ্য ডাটাবেজে সংরক্ষণপূর্বক সংশ্লিষ্ট সকল সংস্থাকে সরবরাহ এবং হজ্জমৌসুমে প্রতিদিন একটি করে বুলেটিন প্রচার নিশ্চিত করা হয়েছে। মক্কা ও মদিনায় হজ্জমৌসুমে আধুনিক তথ্য প্রযুক্তি সমৃদ্ধ KIOSK মেশিনের মাধ্যমে এ যাবত প্রায় ২.০০লক্ষ হজ্জযাত্রীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. হজ্জ ও ওমরাহ ব্যবস্থাপনার উন্নয়ন এবং চিকিৎসক দলসহ অন্যান্য প্রতিনিধি দল প্রেরণ	হজ্জ সেবা প্রদান	২	সংখ্যা (হাজার জন)	১০৩		১১৮		১২৩	১২৫	
	ওমরাহ সেবা প্রদান			১৭		১৮		১৯	২০	

### ৬.৩.৩ অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০১৬-১৭	বাজেট		মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	
১	২	৩	৪	৫	৬	৭	৮

### ৬.৪ বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন:** ১৯৬২ সালের ওয়াক্ফ অধ্যাদেশের ৭১ ধারামতে ওয়াক্ফ প্রশাসনে তালিকাভুক্ত ২১,৮৩১টি ওয়াক্ফ এস্টেটের নিট আয়ের শতকরা ৫% ভাগ ওয়াক্ফ চাঁদা হিসেবে ধার্য করে বিগত তিন বছরে প্রায় ১৭কোটি টাকা আদায় করা হয়েছে। নতুন ১,২৯৯টি ওয়াক্ফ এস্টেট তালিকাভুক্ত করা হয়েছে। মসজিদ সংস্কার-মেরামত কাজে ১০.০০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. ওয়াক্ফ এস্টেট চিহ্নিতকরণ, তালিকাভুক্তকরণ, রক্ষণাবেক্ষণ ও ডাটাবেইজ প্রস্তুতকরণ	নতুন তালিকাভুক্ত এস্টেট	৩	সংখ্যা	৩১৫		৩৩০		৩৫০	৩৬০	
২. ওয়াক্ফ এস্টেটসমূহের কার্যক্রম অডিটকরণ	নিরীক্ষাকৃত এস্টেট	৩	সংখ্যা (হাজার)	২.৩৪		২.৩৬		২.৩৮	২.৪০	
৩. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান	সংস্কারকৃত প্রতিষ্ঠান	৪	সংখ্যা	৫২		৫৪		৫৫	৫৬	



৬.৪.৩ অপারেশন ইউনিট , কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০১৬-১৭	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
					২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
১	২	৩	৪	৫	৬	৭	৮

৬.৫ হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

৬.৫.১ সাম্প্রতিক অর্জনবিগত ৩ বছরে ৪,১৫৩টি ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কারে ৪ কোটি ৭২ লক্ষ টাকা এবং ২,১৭০ জন দুঃস্থের মাঝে ১ কোটি ১০ লক্ষ টাকা আর্থিক অনুদান বিতরণ করা হয়েছে। দুর্গাপূজা উপলক্ষে দেশের প্রায় ৩৭,০০০ টি পূজামন্ডপে ৪ কোটি ৫০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নধীন ‘মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম- ৪র্থ পর্যায়’ শীর্ষক প্রকল্পের আওতায় সারা দেশে ৫,৭৫০ টি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে ৫,১২,৭৫০ জন শিশু ও বয়স্ক ব্যক্তিকে পাঠদান সম্পন্ন করা হয়েছে। এছাড়া, জাতীয় ও ধর্মীয় দিবস উদযাপন উপলক্ষে ৩৯৬টি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

৬.৫.২ কার্যক্রমসমূহ , ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				লক্ষ্যমাত্রা	লক্ষ্যমাত্রা	লক্ষ্যমাত্রা	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. শিশুদের প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান	প্রাক প্রাথমিক ও হিন্দু ধর্মীয় শিক্ষার্থী	১	হাজার জন	১৬৫		১৯৫		১৯৫	১৯৫	
২. বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা	উপকারভোগী	১	সংখ্যা (হাজার)	১৭৭		২০৮		২০৮	২০৮	
৩. ধর্মীয় ব্যক্তিকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ	প্রশিক্ষিত পুরোহিত	১	সংখ্যা (হাজার)	৬.৫০		১২.০০		৬.৬০	৬.৬০	
৪. জাতীয় ও ধর্মীয় দিবসে আলোচনা সভা ও প্রার্থনার আয়োজন	আয়োজিত ওয়ার্কশপ/সেমিনার	১	সংখ্যা	১৪০		১৪০		১৫০	১৫০	
৫. ধর্মীয় পুস্তক প্রকাশনা	প্রকাশিত পুস্তক	১	সংখ্যা	১		১		১	১	
৬. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদান	সংস্কারকৃত মঠ-মন্দির-আশ্রম	৪	সংখ্যা	১৭০০		১৭৫০		১৮০০	১৯০০	
৭. দরিদ্র দুঃস্থ ব্যক্তিদের আর্থ-নির্ভরশীল তায় অনুদান প্রদান	অনুদানপ্রাপ্ত ব্যক্তি	৪	সংখ্যা (জন)	১০০০		১১০০		১১৫০	১২৫০	
৮. দুর্গাপূজায় আর্থিক সহায়তা প্রদান	অনুদানপ্রাপ্ত পূজামন্ডপ	৪	সংখ্যা (হাজার)	৫.০০		৭.০০		৮.০০	৯.০০	

৬.৫.৩ অপারেশন ইউনিট , কর্মসূচি এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, কর্মসূচি এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০১৬-১৭	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
					২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০
১	২	৩	৪	৫	৬	৭	৮

৬.৬ বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

